



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
ইনোভেশন টিম



২০২১-২০২২ অর্থবছরের বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের লক্ষ্যে করণীয় বিষয়ে ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ আলী আকবর পরিচালক (ভূতত্ত্ব)
সভার তারিখ	১২/০৭/২০২১
সভার সময়	বেলা ০২:৩০ ঘটিকা
স্থান	ভার্চুয়াল ব্যবস্থাপনায়
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে ইনোভেশন টিমের ফোকাল পয়েন্ট জনাব রাজিব কুমার সাহা, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) বিদ্যায়ী ২০২০-২১ অর্থবছরের জিএসবি'র উদ্ভাবনী কর্মপরিকল্পনার বাস্তবায়ন ও বার্ষিক স্ব-মূল্যায়িত প্রতিবেদন বিষয়ে উপস্থাপনা প্রদান করেন। সভাপতি মহোদয় চলমান ২০২১-২০২২ অর্থবছরে উদ্ভাবনী কর্মপরিকল্পনার যথাযথ বাস্তবায়ন এবং বাস্তবধর্মী উদ্ভাবনী আইডিয়া সংগ্রহ ও নির্বাচনের বিষয়ে সবাইকে আলোচনার আহ্বান জানান। জনাব আশরাফুল কামাল, পরিচালক (ভূতত্ত্ব) নতুন আইডিয়া সংগ্রহের জন্য অফিস বিজ্ঞপ্তি আহ্বান করার বিষয়ে তার মতামত দেন। তিনি আইডিয়া বাস্তবায়নের ক্ষেত্রে বাজেটের পর্যাণ্ততার বিষয়ে গুরুত্ব আরোপ করেন। সভাপতি মহোদয় নতুন আইডিয়া ছাড়াও আইডিয়া ব্যাংকে জমাকৃত বাস্তবায়নযোগ্য আইডিয়াগুলোকে পূণঃবিবেচনা করার সাথে সাথে জাতীয় পর্যায়ে সুফল বয়ে আনবে অন্তত এমন একটি আইডিয়া বাস্তবায়নের উপর জোর দেন। এছাড়াও তিনি অন্যান্য দপ্তর/সংস্থায় উদ্ভাবনী উদ্যোগসমূহ পর্যালোচনা করে জিএসবিতে বাস্তবায়ন করা যাবে এমন উদ্ভাবনী উদ্যোগ যাচাই/বাছাই করার বিষয়ে মতামত ব্যক্ত করেন।

০২। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়।

ক। ইনোভেশন টিমের মাধ্যমে নতুন আইডিয়া সংগ্রহের জন্য দপ্তরে নোটিশ/বিজ্ঞপ্তি জারি করা হবে।

খ। ইতোপূর্বে দাখিলকৃত আইডিয়াগুলোকে পূণঃবিবেচনা করা হবে।

গ। জাতীয় পর্যায়ে সুফল আনবে অন্তত একটি আইডিয়া নির্বাচন করতে হবে।


ঘ। অন্যান্য দপ্তর/সংস্থার উদ্ভাবনী উদ্যোগসমূহ হতে জিএসবিতে বাস্তবায়নযোগ্য উদ্ভাবনী উদ্যোগ যাচাই বাছাই করা হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আলী আকবর
পরিচালক (ভূতত্ত্ব)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক (ভূতত্ত্ব) , অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ২) পরিচালক (ভূতত্ত্ব) ও প্রকল্প পরিচালক, GeoUPAC, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৩) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১, ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারী ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৪) উপ-পরিচালক (ভূপদার্থ)-৩ , ভূ-বৈদ্যুতিক ও ভূকম্পন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৫) উপ-পরিচালক (রসায়ন)-১ , বৈশ্লেষিক রসায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৬) উপ-পরিচালক (ড্রিলিং)-৩, ড্রিলিং প্রকৌশল শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৭) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-৪ , শিলাবিদ্যা ও মনিকবিদ্যা শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৮) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-৫ , ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারী ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৯) উচ্চমান সহকারী, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর



মো: মহি উদ্দিন

সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-৫